ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারের কার্যালয়
ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।

স্মারক নং-ঢাক্যাবো/জিএ/৯/১৬/৬২৪ তারিখঃ ০৮ আষাঢ়, ১৪০১ বাংলা
২২ জুন, ১৯৯৪ ইং।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১২-৬-৯৪ ইং তারিখের সভার কার্যবিবরণী।

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের মাসিক সভা ১২-৬-৯৪ ইং তারিখ বেলা ১০-০০ ঘটিকায় ক্যান্টনমেন্ট বোর্ড অফিসে অনুষ্ঠিত হয়। বোর্ডের প্রেসিডেন্ট; কর্ণেল মোঃ শাহজাহান মিয়ার সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় সদস্যবৃন্দদের উপস্থিতি ছিল নিম্নরূপঃ-

| | | | |
|---|---|---|---|
| ১। | ব্রিগেডিয়ার মনজুর আহমেদ মোল্লা<br>এস ই এম ও ও অধিনায়ক<br>সম্মিলিত সামরিক হাসপাতাল<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - অনুপস্থিত। |
| ২। | ক্যাপ্টেন শহিদুজ্জামান খান (জি) (সিডি) পি এস সি,<br>বি এন এস হাজী মহসিন<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ৩। | উইং কমান্ডার এম, মনিরুল হোসেন<br>অধিনায়ক, প্রশাসনিক শাখা,<br>বি এ এফ বেস বাশার<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ৪। | লেঃ কর্ণেল মোঃ আমিনুর রহমান<br>সি এম ই এস (আর্মি)<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ৫। | জনাব মোঃ আজিজ খান<br>১৪/এ, ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ৬। | লেঃ কঃ এ বি এম এ মুনিম (অবঃ)<br>৩২, ডি ও এইচ এস বনানী<br>ঢাকা সেনানিবাস। | - সদস্য | - উপস্থিত। |
| ৭। | জনাব মোঃ [illegible] হোসাইন<br>প্রথম শ্রেনীর ম্যাজিস্ট্রেট<br>জেলা প্রশাসকের দপ্তর, ঢাকা। | - সদস্য | - উপস্থিত। |
| ৮। | জনাব শফিক আলম মেহেদী<br>ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার<br>ঢাকা ক্যান্টনমেন্ট। | - সেক্রেটারী | - উপস্থিত। |

উপস্থিত সম্মানিত সদস্যবর্গকে স্বাগত জানাইয়া সভাপতি মহোদয় সভার কাজ আরম্ভ করেন। সভার আলোচ্যসূচীর আলোকে বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**প্রস্তাব নং-১ঃ** গত ০৩-৫-৯৪ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড মিটিংয়ের কার্যবিবরণী পর্যালোচনা ও অনুমোদন।

**গৃহীত সিদ্ধান্তঃ-** ০৩-৫-৯৪ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার কার্যবিবরণীটি পর্যালোচনা ও অনুমোদন করা গেল।

**প্রস্তাব নং-২ঃ** এস ই এম ও'র এপ্রিল, ৯৪ ইং মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

**গৃহীত সিদ্ধান্তঃ-** উপরোক্ত প্রতিবেদনটি অবহিত হওয়া গেল।

প্রস্তাব নং-৩ঃ ঢাকা সেনানিবাসের নিম্নবর্ণিত প্রকল্পের মূল্যানুমান অনুমোদন ঃ-

| ক্রমিক নং | প্রকল্পের বিবরণ | মূল্যানুমান এম ই এস সিডিউল অব রেইটস ১৯৯০ ইং অনুযায়ী। | মন্তব্য |
| --- | --- | --- | --- |
| (ক) | মহাখালী ডিওএইচ এস এলাকার ২৭ নং রোডের (প্লট নং-৩৫৫-৩৫৭ পর্যন্ত) পাইপ উঠানো, পরিষ্কার করণ ও পুনঃ স্থাপন করণ। | = ১৮,৮২২.০০ টাকা | - |
| (খ) | শহীদ মঈনুল রোড ও শহীদ সরণীর সংযোগ স্থলে জলাবদ্ধতা দূরীকরনার্থে ক্রস পাইপ লাইন স্থাপন। | = ৪৫,৮৪১.৭৫ টাকা | - |

গৃহীত সিদ্ধান্তঃ- 'ক' এবং 'খ' এ বর্ণিত মূল্যানুমানদ্বয় অনুমোদন করা গেল।

প্রস্তাব নং-৪ঃ কর্ণেল মিয়ান হামিদুর রহমান, পরিচালক, প্রতিরক্ষা গোয়েন্দা ও নিরাপত্তা ব্যুরো, ঢাকা সেনানিবাসের গত ১৫-৫-৯৪ ইং তারিখের অভিযোগ পত্র সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ-পত্রটি বিস্তারিত আলোচনান্তে মহাখালী ডি ও এইচ এস এলাকার বাড়ী নির্মাণ সামগ্রী পরিবহনকারী যানবাহন উক্ত এলাকায় প্রবেশ করিতে কোন বিধিনিষেধ নাই। তবে যানবাহনের গতিসীমা সীমিত রাখিয়া উক্ত এলাকায় বসবাসকারীদের যাহাতে অসুবিধা সৃষ্টি না হয় সেই বিষয়ে লক্ষ্য রাখিতে হইবে। সংশ্লিষ্টদের বিষয়টি অবহিত করা হউক।

প্রস্তাব নং-৫ঃ স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনা নিবাসের ০২-৬-৯৪ ইং তারিখের ৬২৪/২/এ নং পত্রে বর্ণিত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ-উপস্থাপিত তথ্যাদির এক কপি পি সি বি মহোদয়কে প্রদান করার জন্য সি ই ও'কে অনুরোধ করা হইল।

প্রস্তাব নং-৬ঃ গত ৩০-৩-৯৪ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার গৃহীত সিদ্ধান্ত নং-১৫ এর আলোকে মুসলিম মডার্ণ একাডেমীর ক্যান্টিনের ইজারার মেয়াদ নবায়নের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ-দানপত্র দলিল পর্যালোচনান্তে দেখা যায় যে, ব্রিঃ জেঃ এ কে এম এ রশিদ (মরহুম) মুসলিম মডার্ণ একাডেমীর জন্য আংশিক জমি দান করেন। তাঁহার এই দানের স্বীকৃতিস্বরূপ তাঁহার পুত্র জনাব মোঃ খালেদ রশিদকে তদীয় আবেদনের ভিত্তিতে মুসলিম মডার্ণ একাডেমীর ইজারাকৃত ক্যান্টিনটি পুনরায় মাসিক ৫০০/-(পাঁচশত) টাকা ভাড়ায় পরবর্তী ৫(পাঁচ) বৎসরের জন্য ইজারা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হইল। বিষয়টি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করা হউক।

প্রস্তাব নং-৭ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বৈদ্যুতিক কাজে ব্যবহৃত বর্তমান পিকআপটি নিলামে বিক্রয়ের নিমিত্তে প্রাপ্ত সর্বোচ্চ দরপত্র বিবেচনা করণ।

গৃহীত সিদ্ধান্তঃ-সর্বোচ্চ দরদাতা জনাব মোঃ আসাদুজ্জামান, কলওয়ালাপাড়া, ব্লক-২, সেকশন-১, মিরপুর কর্তৃক প্রদত্ত ৬০,০০১/-(ষাট হাজার এক) টাকার দরপত্রটি অনুমোদন করা গেল। সর্বোচ্চ দরপত্রটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করা হউক।

প্রস্তাব নং-৮ঃ ক্যান্টনমেন্ট আবাসিক এলাকাস্থিত ১৯ নং প্লট ও প্লটে নির্মিত বাড়ীর মূল মালিকের ইন্তেকালের প্রেক্ষিতে তাঁহার উত্তরাধিকারীগণের নামে নামজারী করনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ-অনুমোদন করা গেল।

৩য় পৃঃদ্রঃ

প্রস্তাব নং-৯ঃ তি ও এইচ এস মহাখালীস্থ লেকটি ০১-৬-৯৪ ইং হইতে ৩১-৫-১৯৯৯ ইং পর্যন্ত ৫(পাঁচ) বৎসরের জন্য ইজারার নিমিত্তে প্রাপ্ত সর্বোচ্চ নিলাম ডাক অনুমোদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ- মেজর মোঃ ইয়াসিন মোল্লা (অবঃ) কর্তৃক প্রদত্ত ৪,৭২,০০০/-(চার লক্ষ বাহাত্তর হাজার) টাকার সর্বোচ্চ নিলাম ডাক অনুমোদন করা গেল। সর্বোচ্চ ডাকটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করা হউক।

প্রস্তাব নং-১০ঃ ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের টেম্পু স্ট্যান্ডটি ১৯৯৪-৯৫ ইং আর্থিক বৎসরের ইজারার নিমিত্তে প্রাপ্ত সর্বোচ্চ দরপত্র অনুমোদনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ- সর্বোচ্চ দরদাতা মোঃ একরাম হোসেন, ডিএমসি-১৯, কাফরুল কর্তৃক প্রদত্ত ১,৩৩,০০০/-(এক লক্ষ তেত্রিশ হাজার) টাকার দরটি অনুমোদন করা গেল। সর্বোচ্চ দরপত্রটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করা হউক।

প্রস্তাব নং-১১ঃ ক্যান্টনমেন্ট সুপার মার্কেটে বেকারী কারখানা হিসাবে ব্যবহারের নিমিত্তে ১(এক) বৎসর মেয়াদী বরাদ্দকৃত ৪(চার) টি অস্থায়ী প্লট পুনরায় ১৯৯৩-৯৪ ইং আর্থিক বৎসরের জন্য নবায়নের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করা। এতদ্ব্যাপারে ০৩-৫-৯৪ ইং তারিখের বোর্ড সভার চাহিদা মোতাবেক কাগজপত্র উপস্থাপন করা হইল।

গৃহীত সিদ্ধান্তঃ- অস্থায়ীভাবে এক বছরের জন্য নবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হইল। কিন্তু যে কোন সময়ে কর্তৃপক্ষের প্রয়োজনে ইজারা গ্রহীতাগণ দোকানের জমি ছাড়িয়া দিতে বাধ্য থাকিবেন মর্মে তাহাদেরকে অংগীকার প্রদান করিতে হইবে।

প্রস্তাব নং-১২ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের এপ্রিল এবং মে, ১৯৯৪ ইং মাসের আয়-ব্যয় বিবরণী উপস্থাপন।

গৃহীত সিদ্ধান্তঃ- অবহিত হওয়া গেল।

প্রস্তাব নং-১৩ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ১৯৯০-৯১ সালের অডিট আপত্তিসমূহের উপর ব্রডশীট জবাব আলোচনা।

গৃহীত সিদ্ধান্তঃ- ব্রডশীট জবাব অবহিত হইয়া ইহা অনুমোদন করা গেল।

প্রস্তাব নং-১৪ঃ গত ০৩-১-৯৩ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার ২২(১০) নং সিদ্ধান্তের অনুবৃত্তিক্রমে ক্যান্ট সুপার মার্কেটে ১০(দশ) টি নূতন দোকান নির্মাণকল্পে স্থান নির্ধারণের বিষয় আলোচনা।

গৃহীত সিদ্ধান্তঃ- দশটি দোকান নির্মাণকল্পে উক্ত মার্কেটে তিনটি সম্ভাব্য স্থান নির্ধারণপূর্বক এতদ্বিষয়ে মূল্যানুমান ও সাইট প্ল্যান পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করার জন্য সি ই ও কে অনুরোধ করা হইল।

প্রস্তাব নং-১৫ঃ ক্যান্টনমেন্ট বোর্ডের ঠিকাদারদের সম্পাদিত কাজের গুণগতমান মূল্যায়নপূর্বক তাহাদের তালিকাভুক্তি নবায়নের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ- ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের যে সকল ঠিকাদার/ঠিকাদারী ফার্মের নির্মাণ কাজে ইতঃপূর্বে অনিয়ম উদ্‌ঘাটিত/চিহ্নিত হইয়াছে এবং যাহারা বোর্ড সদস্য অথবা কর্মকর্তা/কর্মচারীদের সহিত উশৃঙ্খল ও অভদ্রজনোচিত আচরণ করিয়াছে, বৃহত্তর সরকারী স্বার্থে সেই সকল ঠিকাদার/ঠিকাদারী ফার্মের লাইসেন্স ভবিষ্যতে নবায়ন না করার সিদ্ধান্ত গৃহীত হইল। অনুরূপ ব্যক্তি/প্রতিষ্ঠানের নামের তালিকা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনার্থে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হউক এবং বোর্ড সদস্যদের অবগতির জন্য আগামী বোর্ড সভায় উপস্থাপন করা হউক।

প্রস্তাব নং-১৬ঃ ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন বিদ্যালয়সমূহের সারা বৎসরের মুদ্রণ ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয়ের ব্যাপারে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

গৃহীত সিদ্ধান্তঃ- ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রিত বিদ্যালয়সমূহের বাৎসরিক মুদ্রণ কাজ ও স্টেশনারী দ্রব্যাদি ক্রয় বাবদ ব্যয় সংকোচনের লক্ষ্যে ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক প্রকাশ্য দরপত্র আহবান পূর্বক প্রয়োজনীয় মুদ্রণ কাজ/স্টেশনারী মালামাল ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হইল।

৪র্থ পৃঃদ্রঃ

প্রস্তাব নং-১৪ঃ বিবিধঃ

(ক) ক্যান্ট আবাসিক এলাকার ১০৩ নং প্লটের ৩০ বৎসরের ইজারা মেয়াদ উত্তীর্ণ হওয়ায় নূন ইজারা দলিলের আলোকে পরবর্তী মেয়াদে ইজারা নবায়নের বিষয়ে প্লটের মালিক মিসেস ইয়াসমিন মাহমুদের ৯০-১০-৯৩ ইং তারিখের আবেদন এবং সংশ্লিষ্ট বিষয়ের উপর আইন উপদেষ্টার ০৬-১২-৯৩ ইং তারিখের মতামতের উপর পুনঃ আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা।

(খ) মহাখালী ডি ও এইচ এস মসজিদের দান বাক্স অপসারণ প্রসংগে আলোচনা।

(গ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বিভিন্ন শাখার কর্মতৎপরতা মূল্যায়ন।

(ঘ) ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের বিভিন্ন সময়ে জরুরী ধরনের সংস্কার/মেরামত কাজ সম্পাদন প্রসংগে।

(ঙ) সেনানিবাস এলাকায় শৃংখলা বিরোধী এবং অপরাধমূলক কাজ কর্মের বিষয়ে ক্যান্টনমেন্ট থানাকে অবহিত করণ।

(চ) শহীদ রমিজ উদ্দিন উচ্চ বিদ্যালয়ের ক্যান্টিন বন্ধ করা প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(ছ) ক্যান্টনমেন্ট আবাসিক এলাকায় বসবাসকারীদের নিরাপত্তা প্রসংগে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসের ০৭-৫-৯৪ ইং তারিখের ৫০৬/৪/জিএস নং পত্রের আলোকে সিদ্ধান্ত গ্রহণ।

(জ) ক্যান্ট বাজার এলাকার ৭ নং রোডে বসবাসরত চতুর্থ শ্রেণীর কর্মচারীদের অস্থায়ীভাবে নির্মিত বাসস্থান স্থানান্তর প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(ঝ) ঢাকা সেনানিবাসের আবাসিক এলাকায় ট্রেড লাইসেন্স প্রদান প্রসংগে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

(ঞ) ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক বরাদ্দকৃত সকল বাসস্থানে বসবাসরত কর্মকর্তা/কর্মচারী/শিক্ষকদের নামের তালিকা, ভাড়া ইত্যাদি উল্লেখপূর্বক প্রতিবেদন পেশ করণ প্রসংগে।

(ট) মহাখালী ডি ও এইচ এস এলাকার লেইন নং-১৫ এর জন্য মেসার্স এম-এস বিজনেস এন্ড কন্ট্রাক্ট কর্তৃক (১৯৯০ সালের এম ই এস সিডিউল মোতাবেক) প্রদত্ত সর্বনিম্ন দর ২৯% উর্ধ্ব হার অনুমোদন করণ।

(ঠ) সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হইতে প্রাপ্ত ১৭-৫-৯৪ ইং তারিখের ৭/এমএলএন্ডসি/ঢাকা/৩৩৯-জন/১২ নং পত্র সম্পর্কে আলোচনা।

গৃহীত সিদ্ধান্তঃ-(ক) গত ২২-১-৯৩ ইং তারিখে ১৩ নম্বর গৃহীত সিদ্ধান্তে ভুলক্রমে নিম্নরূপ লেখা হইয়াছে" বিষয়টি বিস্তারিত ব্যাখ্যা করিয়া এটর্নি জেনারেল এর মতামত সংগ্রহপূর্বক এ ব্যাপারে সিদ্ধান্তের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে পত্র লিখার জন্য সি ই ও'কে অনুরোধ করা গেল"। উহা সংশোধনপূর্বক নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হইল ঃ

সংশ্লিষ্ট বিষয়ে নীতিমালা চাহিয়া সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে পত্র লিখার জন্য সি ই ও'কে অনুরোধ করা হইল। উক্ত বিষয়ে বিজ্ঞ এটর্নি জেনারেলকে পূর্বে লিখিত পত্র এবং নথি ফেরৎ আনার জন্য বলা হইল।

(খ) দান বাক্স অপসারণ সম্পর্কে অভিযোগের বিষয়ে গৃহীত কার্যক্রম সঠিক হইয়াছে বলিয়া বোর্ড মত পোষণ করে।

(গ) ক্যান্ট বোর্ডের বিভিন্ন শাখার কর্মতৎপরতা মূল্যায়নপূর্বক ১৯৯৪-৯৫ সনের বার্ষিক বাজেটে নূতন নূতন পদ সৃষ্টির প্রস্তাব রাখার সিদ্ধান্ত গৃহীত হইল।

(ঘ) সি ই ও'র আর্থিক ক্ষমতার মধ্যে ক্যান্টনমেন্ট সুপার মার্কেটের জরুরী সংস্কার/মেরামত কাজ সম্পন্ন করার জন্য সি ই ও'কে অনুরোধ করা হইল।

(ঙ) সেনানিবাস এলাকায় শৃংখলা বিরোধী এবং অপরাধমূলক কাজের বিরুদ্ধে প্রাপ্ত অভিযোগ থানায় প্রেরণের জন্য সি ই ও'কে অনুরোধ করা গেল।

৫ম পৃঃদ্রঃ

(চ) শহীদ রমিজ উদ্দিন উচ্চ বিদ্যালয়ের বর্তমান ক্যান্টিনটি অপসারণের ব্যাপারে পুনরায় পত্র দেওয়া হোক। নির্ধারিত সময়ে ক্যান্টিন অপসারণে ব্যর্থ হইলে ইজারাদারের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হইল।

(ছ) উক্ত পত্রের আলোকে সেনানিবাস আবাসিক এলাকায় নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার জন্য প্রহরী নিয়োগের ব্যাপারে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের সিদ্ধান্ত চাওয়া হউক।

(জ) ৫ নম্বর সড়কে বসবাসরত চতুর্থ শ্রেনীর কর্মচারীদের অন্যত্র সরানোর বিষয়টি বিস্তারিত আলোচনা করা হয়। ক্যান্টনমেন্ট বোর্ডের জরুরী সেবামূলক সার্ভিস প্রদান যাহাতে বিঘ্নিত না হয় সেই বিষয়টি লক্ষ্য রাখিয়া তাহাদের পুনর্বাসনের ব্যাপারে যথাবিধি কি ব্যবস্থা নেওয়া যায় সেই ব্যাপারে একটি বিস্তারিত প্রতিবেদন আগামী বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হইল।

(ঝ) এখন হইতে ঢাকা সেনানিবাসের আবাসিক এলাকার ঠিকানায় কোন ট্রেড লাইসেন্স ইস্যু না করার সিদ্ধান্ত গৃহীত হইল।

(ঞ) ক্যান্টনমেন্ট বোর্ড কর্তৃক বরাদ্দকৃত বাসায় যে সমস্ত কর্মকর্তা/কর্মচারী বসবাস করিতেছেন মাসিক ভাড়া উল্লেখপূর্বক তাহাদের নামের তালিকা আগামী বোর্ড সভায় উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হইল। কোন প্রাধিকারের বলে তাহারা উক্ত বাড়ী ভাড়া সরকারী হারে না দিয়া নির্ধারিত হারে প্রদান করিতেছেন তাহার সম্পর্কে সংশ্লিষ্ট নথি পত্রাদি পরবর্তী বোর্ড সভায় উপস্থাপন করা হউক।

(ট) দরটি যুক্তিযুক্ত নয় বিধায় অনুমোদন করা গেল না। পুনরায় দরপত্র আহবানের সিদ্ধান্ত গৃহীত হইল।

(ঠ) উক্ত পত্রের আলোকে ১২-৬-৯৪ ইং তারিখে অনুষ্ঠিত বোর্ড সভায় আলোচনা হয় এবং সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরকে সম্বোধিত পত্রটির বক্তব্য এবং সুপারিশসমূহ বোর্ড সভায় অনুমোদন হয় এবং সর্বসম্মতিক্রমে পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর এর নিকট বোর্ড কর্মকর্তা/কর্মচারীদের অনিয়ম ও দূর্নীতির বিরুদ্ধে যথাযথ কার্যকরী ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণের সিদ্ধান্ত নেওয়া হয়। উল্লেখ্য যে, উক্ত পত্র নং-ঢাক্যাবো/পিসিবি/কন/১/৩৮, ২২-৬-৯৪ ইং তারিখে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হয়।

উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানাইয়া সভাপতি মহোদয় সভার কাজ শেষ করেন।

| | |
|---|---|
| ( শফিক আলম মেহেদী ) | ( কর্ণেল মোঃ শাহজাহান মিয়া ) |
| সেক্রেটারী | প্রেসিডেন্ট |
| ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট | ক্যান্টনমেন্ট বোর্ড, ঢাকা ক্যান্টনমেন্ট। |